

ভাঙো

ভদ্রলোকটি যাবার সময় বলে গেলেন - ভাঙো
চিহ্ন প্রাচীন 'মলিন ক্লিসে' অচল অনড় পাহাড়
ভেঙে ফেলে পারো যদি নতুন কিছু গড়ো
নইলে পরে এখান থেকে সরো।

ভদ্রলোকটি নেই তবু তার মন্তুগুপ্তি নিয়ে
হাজারটা হাত, তুলি কলম, গাঁইতি শাবল দিয়ে
পিছনে ফিরে তাকিয়ে দেখে সামনে যেতে যেতে
হয়নি গড়াও নতুন কোন পাহাড়।
তবেই বুঝুন দাদারা সব ভাঙবার কি বাহার,

গড়ার চেয়েও ভাঙা কঠিন, গড়ার চেয়েও ভাঙা
ভাঙতে বসে হাজার হাজার তুলি কলম একশো বছর ধরে
গলদ ঘর্ম, রক্তে হচ্ছে রাঙা।

অশোক রায়চৌদুরী

